

ড. ফরাসউদ্দিন আইএসসিএসের সদস্য নির্বাচিত

কালের কণ্ঠ ডেস্ক ▷

বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন আন্তর্জাতিক সিভিল সার্ভিস কমিশনের (আইএসসিএস) সদস্য নির্বাচিত হয়েছেন। জাতিসংঘ সাধারণ পরিষদের অত্যন্ত গুরুত্বপূর্ণ অঙ্গপ্রতিষ্ঠান আইএসসিএস। এই কমিশন জাতিসংঘের কর্মীদের চাকরিসংক্রান্ত নিয়মনীতি ও কর্মী ব্যবস্থাপনার সমন্বয়সহ জাতিসংঘের বিশেষায়িত আন্তর্জাতিক সংস্থার ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত। এই কমিশনে ১৫ জন স্বাধীন বিশেষজ্ঞ রয়েছেন।

গত শুক্রবার সকালে জাতিসংঘে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। আইএসসিএসের চার বছর মেয়াদি এ কমিটিতে বাংলাদেশের প্রতিনিধি ড. ফরাসউদ্দিন সর্বসম্মতিক্রমে নির্বাচিত হন। নবনির্বাচিত কমিশন ২০১৭ সালের ১ জানুয়ারি থেকে দায়িত্বভার গ্রহণ করবে।

গতকাল ঢাকায় পাওয়া এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৩-৭৫ মেয়াদে প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতি থাকাকালীন ড. ফরাসউদ্দিন তাঁর একান্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। ড. ফরাসউদ্দিন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা উপাচার্য ছিলেন। তিনি জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গনে বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। সূত্র : বাসস।